গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২
(www.plandiv.gov.bd)

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩.(অংশ-৩).৮৭

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩২ / ২৯ জুলাই ২০২৫

বিষয়: "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা জুন ২০২২"-এ বর্ণিত বিধানাবলী বিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৪.১৪.০০০১.২২.১৭৪; তারিখ: ০৯ এপ্রিল ২০২৫।
(২) পরিকল্পনা বিভাগের সমন্বয় শাখার স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.১৮.০২২.২১.১৮০; তারিখ: ২৪ জুন ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা জুন ২০২২"-এর ১.১.৩ অনুচ্ছেদে প্রকল্প গ্রহণের প্রারম্ভিক পর্যায়ে প্রয়োজনে মাঠ প্রশাসন/মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ অংশীজনের মতামত গ্রহণের বিধান রয়েছে। ৩০ অক্টোবর ২০২৪ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক সরকারি খাতে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩).১৭৯ নম্বর স্মারকে একটি পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত পরিপত্রে অংশীজনের মতামত গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া, পরিপত্রের ৬.০ ও ৬.১ অনুচ্ছেদে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প গ্রহণে বর্ণিত বিধান "৫০(পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০(পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে।" বলে নির্দেশনা রয়েছে। উন্নয়ন প্রকল্পের সঠিক বাস্তবায়নের স্বার্থে প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত পরিপত্রের বিধানাবলীর যথাযথ প্রয়োগ আবশ্যক।

২। এমতাবস্থায়, "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা জুন ২০২২"-এর ১.১.৩, ৬.০ ও ৬.১ অনুচ্ছেদে বর্ণিত বিধানের যথাযথ প্রয়োগের কার্যকরী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযোজনী: বর্ণনামতে।

২৯/০৭/২৫

(মোহাম্মদ রুহুল কুদ্দুস)
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২২২২১৬৬৯৪
ই-মেইল: ecnecwing@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব/সচিব (সকল)----------, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য (সকল)---------- বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. বিভাগ প্রধান (সকল)---------- বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন),পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২
(www.plandiv.gov.bd)

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

পরিপত্র

বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণ

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সম্পর্কিত নির্দেশনা সংবলিত একটি পরিপত্র পরিকল্পনা বিভাগ কর্তৃক ১২ জুন ২০২২ তারিখে স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ-১)/১৩৩ এর মাধ্যমে জারি করা হয়। উক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণকল্পে বিনিয়োগ প্রকল্প/কর্মসূচির প্রস্তাব (ডিপিপি) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে সর্বসাধারণের মতামত গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(১) প্রকল্প/কর্মসূচি সম্পর্কে মতামত প্রদানের সুবিধার্থে প্রকল্প/কর্মসূচির প্রাথমিক তথ্যসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য যথা সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকল্প গ্রহণের পটভূমি/যৌক্তিকতা, প্রকল্প এলাকা, আর্থিক ও অর্থনৈতিক সম্ভাব্য ফলাফল, পরিবেশ ও সামাজিক প্রভাব, দুর্যোগের ঝুঁকি ও ঝুঁকি প্রশমন পরিকল্পনা, প্রযোজ্য ক্ষেত্রে গ্রীন এ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্ট নির্দেশক সংবলিত অংশ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(২) ক্রমিক নম্বর (১) এ বর্ণিত বিষয়সমূহ ওয়েবসাইটে প্রকাশের পর মতামত প্রদানের জন্য অন্যূন দুই সপ্তাহ সময় দিতে হবে।

(৩) মতামত প্রদানের জন্য মন্ত্রণালয়/বিভাগের আইসিটি সেল কর্তৃক একটি কমেন্ট বক্স তৈরি করতে হবে।

(৪) মতামত পাওয়ার পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিস্তারিত পর্যালোচনান্তে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন ও পরিমার্জনপূর্বক ডিপিপি চূড়ান্ত করে অনুমোদন প্রক্রিয়াকরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩০.১০.২৪
(ড. নেয়ামত উল্যা ভূঁইয়া)
সিনিয়র সচিব
পরিকল্পনা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল), ----------, ঢাকা।
৪. সদস্য (সকল), ---------- বিভাগ, পরিকল্পনা কমিশন।

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩০/১০/২৪
(মোসা: জেসমীন আরা)
উপপ্রধান (একনেক)